# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২৪

১/ পবিত্রতা (كتاب الطهارة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ পানি না পাওয়া গেলে জানাবাতবিশিষ্ট ব্যাক্তির তায়াম্মুম করা।

باب مَا جَاءَ فِي التَّيَمُّمِ لِلْجُنُبِ إِذَا لَمْ يَجِدِ الْمَاءَ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، وَمَحْمُودُ بْنُ غَيْلاَنَ، قَالاَ حَدَّثَنَا أَبُو أَحْمَدَ الزُّبَيْرِيُّ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ خَالِدٍ الْحَذَّاءِ، عَنْ أَبِي قِلاَبَةَ، عَنْ عَمْرِو بْنِ بُجْدَانَ، عَنْ أَبِي ذَرٍّ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " إِنَّ الصَّعِيدَ الطَّيِّبَ طَهُورُ الْمُسْلِمِ وَإِنْ لَمْ يَجِدِ الْمَاءَ عَشْرَ سِنِينَ فَإِذَا وَجَدَ الْمَاءَ فَلْيُمِسَّهُ بَشَرَتَهُ فَإِنَّ ذَلِكَ خَيْرٌ " . وَقَالَ مَحْمُودٌ فِي حَدِيثِهِ " إِنَّ الصَّعِيدَ الطَّيِّبَ وَضُوءُ الْمُسْلِمِ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَعَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو وَعِمْرَانَ بْنِ حُصَيْنٍ . قَالَ أَبُو عِيسَى وَهَكَذَا رَوَى غَيْرُ وَاحِدٍ عَنْ خَالِدٍ الْحَذَّاءِ عَنْ أَبِي قِلاَبَةَ عَنْ عَمْرِو بْنِ بُجْدَانَ عَنْ أَبِي ذَرٍّ . وَقَدْ رَوَى هَذَا الْحَدِيثَ أَيُّوبُ عَنْ أَبِي قِلاَبَةَ عَنْ رَجُلٍ مِنْ بَنِي عَامِرٍ عَنْ أَبِي ذَرٍّ وَلَمْ يُسَمِّهِ . قَالَ وَهَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَهُوَ قَوْلُ عَامَّةِ الْفُقَهَاءِ أَنَّ الْجُنُبَ وَالْحَائِضَ إِذَا لَمْ يَجِدَا الْمَاءَ تَيَمَّمَا وَصَلَّيَا . وَيُرْوَى عَنِ ابْنِ مَسْعُودٍ أَنَّهُ كَانَ لاَ يَرَى التَّيَمُّمَ لِلْجُنُبِ وَإِنْ لَمْ يَجِدِ الْمَاءَ . وَيُرْوَى عَنْهُ أَنَّهُ رَجَعَ عَنْ قَوْلِهِ فَقَالَ يَتَيَمَّمُ إِذَا لَمْ يَجِدِ الْمَاءَ . وَبِهِ يَقُولُ سُفْيَانُ الثَّوْرِيُّ وَمَالِكٌ وَالشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ .

বাংলা

১২৪. মুহাম্মদ ইবনু বাশশার ও মাহমূদ ইবনু গায়লান (রহঃ) .... আবূ যর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ দশ বছর ধরেও যদি পানি না পায় তা হলেও পাক মাটি একজন মুসলিমের জন্য পবিত্রতার উপকরণ বলে বিবেচ্য হবে। অতঃপর যখন সে পানি পাবে তখন তা দিয়ে সে তার শরীর ধুয়ে নিবে। এ-ই তার জন্য উত্তম। মাহমূদ ইবনু গায়লান তাঁর রিওয়ায়াতে ”পাক মাটি মুসলিমের জন্য উযুর উপকরণ” এই কথাটির উল্লেখ করেছেন। - মিশকাত ৫৩০, সহিহ সবু দাউদ ৩৫৭, ইরওয়া ১৫৩, তিরমিজী হাদিস নম্বরঃ ১২৪ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবূ হুরায়রা, আবদুল্লাহ ইবনু আমর ও ইমরান ইবনু হুসাইন রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিযী বলেনঃ খালিদ আল-হাযযা (রহঃ) এর সূত্রে আবূ যর রাদিয়াল্লাহু আনহু থেকে একধিক রাবী এই হাদিসটি রিওয়ায়াত করেছেন। আবূ কিলাব-বানূ আমিরের জনৈক ব্যাক্তি আবূ যর রাদিয়াল্লাহু আনহু সনদে বানূ আমিরের ব্যাক্তিটির নাম উল্লেখ না করে আয়্যুব এই হাদিসটি রিওয়ায়াত করেছেন। এই হাদিসটি হাসান। সাধারণভাবে সমস্ত ফকীহ আলিমের অভিমত এই যে, জুনুবী ব্যাক্তি বা হায়েযওয়ালী নারীদের কেউ যদি পানি না পায় তবে তায়াম্মুম করেই সালাত আদায় করে নিবে। ইবনু মাসঊদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, পানি না পাওয়া অবস্থায়ও তিনি জুনুবী ব্যাক্তির জন্য তায়াম্মুম করার অনুমতি আছে বলে মনে করেন না। তবে তাঁর থেকে এই কথাও বর্ণিত আছে যে, পরবর্তীতে তিনি তাঁর এই মত প্রত্যাহার করে বলেছেনঃ পানি না পাওয়া গেলে জুনুবী ব্যক্তি তায়াম্মুম করতে পারবে। সুফইয়ান ছাওরী, মালিক, শাফিঈ, আহমদ এবং ইসহাকও এই অভিমত ব্যক্ত করেছেন।

## English

Abu Dharr narrated that :
Allah's Messenger said: "Pure clean earth is a purifier for the Muslim; even if he did not find water for ten years. Then if he finds water, then let him use it (for purification) on his skin. For, that is better."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17313

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন